

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং-১৮৭ -বিচার-৩/২এল-০৫/২০১০(অংশ),

তারিখ: ১৪/৩/১৬

বিষয় : অবসরে গমনের নিমিত্ত দায়িত্বভার অর্পণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২০০১ সালে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের জন্য প্রণীত গ্রেডেশন তালিকায় আপনার জন্ম তারিখ ২০/০৩/১৯৫৭। উক্ত জন্ম তারিখ অনুযায়ী ১৯/০৩/২০১৬ খ্রিঃ তারিখ আপনার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। বিধি মোতাবেক আপনার ১৮/০৩/২০১৬ খ্রিঃ তারিখ দায়িত্বভার অর্পণ করার কথা। কিন্তু আপনি অবসর উত্তর ছুটি মঞ্জুরের কোন আবেদন পত্র দাখিল করেননি।

এমতাবস্থায়, ১৯/০৩/২০১৬ খ্রিঃ তারিখ অবসর গমনের নিমিত্ত আপনার বর্তমান পদের দায়িত্বভার (আগামী ১৭, ১৮ ও ১৯ মার্চ/২০১৬ খ্রিঃ তারিখ সরকারী ও সাপ্তাহিক ছুটি থাকায়) আগামী ১৬/৩/২০১৬ খ্রিঃ তারিখ জেলা ও দায়রা জজ কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট অর্পণ করা জন্য আপনাকে অনুরোধ করা হল।

স্বাঃ-

(মোঃ নুরুল আলম সিদ্দীক)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৬৩১

জনাব আবদুর রহিম তালুকদার  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ  
চাঁপাইনবাবগঞ্জ।

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, চাঁপাইনবাবগঞ্জ।

সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবসরে গমনের নিমিত্ত তাঁর বর্তমান পদের দায়িত্বভার আপনাকে কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট (আগামী ১৭, ১৮ ও ১৯ মার্চ/২০১৬ খ্রিঃ তারিখ সরকারী ও সাপ্তাহিক ছুটি থাকায়) আগামী ১৬/৩/২০১৬ খ্রিঃ তারিখ অর্পণ করার নির্দেশ প্রদান করতে অনুরোধ করা হল।

- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪/৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। আই,সি,টি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।



১৪/০৩/২০১৬  
(মোঃ নুরুল আলম সিদ্দীক)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৬৩১